# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭৭

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭২২ তম কমিশন সভা অদ্য ১৯/০৩/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

০১. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড 'Capitee – IBBL Shariah Unit Fund' Shariah Unit Fund খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ (পঁচিশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৩.৭৫ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ২১.২৫ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ (দশ) টাকা। ফান্ডটির উদ্যোক্তা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এবং সম্পদ ব্যবস্থাপক ক্যাপিটেক এ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ লিঃ।

০২. সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ( ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর খসড়া অনুমোদন করা হয়েছে যা অতিশীঘ্র জনমত জরিপের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

০৩. সভায় সরকারি নির্দেশানুযায়ী, পুঁজিবাজার তথা বিনিয়োগকারীদের স্বার্থে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সকল সিকিউরিটিজের মূল্য উঠা-নামা এর বিষয়ে নিম্নসীমা নির্ধারন সংক্রান্ত একটি আদেশ জারীর সিদ্ধান্ত গ্রহণ করেছে। আদেশটি কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

১৯/০৩/২০২০
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd